

## যীশু রাজদের রাজা

### শিশুদের যীশুর বাধ্য হতে শিক্ষা দিন

প্রার্থনা : “হে আমাদের পিতা, শিশুদের যীশুর বাধ্য হতে সহায়্য করার জন্য এই অধ্যয়নটিকে অনুগ্রহ করে ব্যবহার করুন, কারণ তারা যীশুকে ভালবাসে।”

শিশুদের শিক্ষণ কার্যকলাপের একটি অথবা সবগুলো পছন্দ করুন।

একটি বড় শিশু অথবা শিক্ষককে লুক ৭ঃ১-১০ পদে বর্ণিত সৈনিকের গল্পটি পাঠ করতে বলুন, যিনি যীশুর বাধ্য হয়েছিলেন। এখানে দেখানো হয়েছে কিভাবে একজন রোমীয় সেনাধ্যক্ষ, একজন শতপতি বুঝতে পেরেছিলেন যে মহান রাজার বাধ্য হওয়ার অর্থ কি।

সম্ভব হলে শিশুদের রোমীয় সৈনিকটির ছবিটা নকল করতে বা রঙ করতে দিন।

গল্পটি বলার পর, এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন :

- রোমীয় সৈনিকটি তার হয়ে কি করার জন্য যীশুর কাছে যাত্রা করেছিলেন (উত্তর ৩ পদ দেখুন)
- কে যীশুকে সৈনিকটিকে সাহায্য করতে বলেছিলেন? (৩)
- সৈনিকটি কেন যীশুর সঙ্গে সাক্ষাৎ করতে বেড়িয়ে আসেন নি? (৭ পদ. তিনি নিজেকে যোগ্য মনে করেন নি।)
- যীশুই সমস্ত কিছুর উপর কত্বকারী, এই কথা বিশ্বাস করার মাধ্যমে সেই সৈনিকটি কিভাবে যীশুর প্রতি তাঁর বিশ্বাস প্রদর্শন করেছিলেন? (৭-৮ পদ)
- সৈনিকটি কিভাবে যীশুর প্রতি তাঁর বাধ্যতা প্রদর্শন করেছিলেন? (৭ পদ, তার অসুস্থ দাসের প্রতি কি ঘটবে সেই বিষয়ে তিনি যীশুর কথা গ্রহণ করেছিলেন।)



গল্পটির কয়েকটি অংশ নাটকে পরিণত করণ। নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সময় দিন। সমস্ত অংশগুলো ব্যবহারের প্রয়োজন নেই।

বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের নিম্নলিখিত চরিত্রগুলো অভিনয় করতে দিনঃ

বর্ণনাকারীঃ গল্পটির সরাংশ তৈরী করবেন, এবং পাঠ মুখস্থ করতে সাহায্য করবেন।

শতপতি

সৈনিক

যীশু

ছোট শিশুদের নিম্নলিখিত চরিত্রগুলো অভিনয় করতে দিনঃ

দাসঃ মেঝেতে শুয়ে অসুস্থতার অভিনয় করতে হবে, দেখাতে হবে যে সে মারা যাচ্ছে।

যিহুদীগণঃ (শতপতির বন্ধুবর্গ)

### নাটক, ভাগ ১, লুক ৭ঃ১-৭

বর্ণনাকারীঃ গল্পটির প্রথম অংশটি বলুন (১-৬ পদ)। বলুন, “শুনুন, শতপতির দাস কি বলছেন।”

দাসঃ “প্রভু, আমি খুব অসুস্থ। আমি জানি আমি মরে যাব।”

শতপতিঃ “যীশু কফুরনাহুমে এসেছেন। তিনি তোমাকে সুস্থ করতে পারবেন। আমি তাঁকে ডাকতে পাঠাচ্ছি।” যিহুদীদের উদ্দেশ্যে বললেন, “আমার যিহুদী বন্ধুগণ, আমার দাস মারা যাচ্ছে। অনুগ্রহ করে যীশুকে তাকে সুস্থ করতে বলুন। যীশু এত মহান ব্যক্তি যে তাঁর কাছে আমার যাওয়ার যোগ্যতা নেই।”

যিহুদীগণঃ “আমরা আপনার হয়ে যাব।” যীশুর কাছে গেলেন এবং বললেন,

“অনুগ্রহ করে যীশু আমাদের সঙ্গে চলুন।”

“রোমীয় শতপতি আপনাকে তাঁর দাসকে সুস্থ করার জন্য অনুরোধ করেছেন তিনি অত্যন্ত ভাল মানুষ।”

“তিনি আমাদের তত্ত্বাবধান করেন। তিনি আমাদের জন্য সমাজ গৃহ নির্মাণ করে দিয়েছেন।”

যীশুঃ “আমি তোমাদের সঙ্গে যাব।”

### নাটক, ভাগ ২, লুক ৭ঃ৭-১০

বর্ণনাকারীঃ গল্পের দ্বিতীয় অংশটি বলবেন (৭-১০ পদ)। তারপর বলবেন, “শুনুন, শতপতি কি বলছেন।”

শতপতিঃ “আমি যীশুর সাথে সাক্ষাৎ করার যোগ্য নই। তিনি বললেই, আমার দাস সুস্থ হবে। সৈন্য, তাঁর কাছে যাও।”

সৈন্যঃ স্যালাউ করবে, তারপর বলবে “আজ্ঞে মহাশয়!” (যীশুর দিকে এগিয়ে যাবে)

যিহুদীগণঃ “শতপতির গৃহ খুব দূরে নয়। তাড়াতাড়ি!” “দেখ! তিনি আমাদের কাছে এক সেনাকে পাঠিয়েছেন।”

সৈন্যঃ যীশুর কাছে গিয়ে বলে, “যীশু, আমার প্রভু জানেন যে আপনি একজন মহান ব্যক্তি। তিনি জানেন যে আপনি যখন কোন আদেশ দেন, তখন তা বিলম্ব ছাড়াই পালিত হয়। অনুগ্রহ করে তাঁর দাসের অসুস্থতাকে চলে যেতে আদেশ করুন!”

যীশুঃ “এই সেনাধ্যক্ষ জানেন আদেশ পালনের অর্থ কি। তিনি জানেন যে আমার আদেশের মধ্যে কতটুকু আছে। তিনি এই অসুস্থতার উপর আমার ক্ষমতার প্রতি আস্থা রাখতে আগ্রহী। আমি ইস্রায়েলে এত মহান বিশ্বাস দেখি নি!”

বর্ণনাকারীঃ যারা এই নাটকটি করতে সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ।

শিশুদের নিম্নলিখিত বিষয়গুলোতে সাহায্য করার জন্য উপাসক মণ্ডলীর নেতাদের ব্যবস্থা করতে বলুনঃ

- আরাধনার সময় বড়দের কাছে নাটকটি উপস্থাপিত করতে।
- এই অধ্যায়ের শুরুতে যে প্রশ্নের তালিকা করা হয়েছে তা বড়দের কাছে জিজ্ঞাসা করতে।
- কবিতা অথবা শিশুরা প্রস্তুত করেছে এমন যেকোন বিষয় উপস্থাপিত করতে।

শিশুদের জিজ্ঞাসা করুন : যীশু আমাদের কি কি বিষয় আদেশ দিয়েছেন, যে বিষয়গুলো আমাদের অবশ্যই বাধ্য হওয়া উচিত?

একটি রাজমুকুটের ছবি আঁকুন যা কোন কোন দেশের রাজারা ব্যবহার করেন। শিশুদের এটা নকল করতে দিন।

- বড় শিশুদের ছোটদের সাহায্য করতে বলুন। পরবর্তী আরাধনার সময় বড়দের কাছে সেই ছবিগুলো শিশুদের দেখাতে দিন। শিশুদের ব্যাখ্যা করতে দিন যে এই মুকুটটি বর্ণনা করে যে যীশু রাজাদের রাজা এবং আমরা তাঁর আজ্ঞা সকল পালন করি, কারণ আমরা তাঁকে ভালবাসি।



যোহন ১৪:১৫ পদে রাজার রাজা যা বলেছেন সেই বিষয়টি মুখস্থ করুন : “তোমরা যদি আমাকে প্রেম কর, তবে আমার আজ্ঞা পালন করিবে।”

কবিতা : তিনজন শিশুদের প্রত্যেককে একটি করে পদ আবৃত্তি করতে দিন, মথি ২৮:১৮, ১৯ এবং ২০ পদ।

“স্বর্গে ও পৃথিবীতে সমস্ত কর্তৃত্ব আমাকে দত্ত হইয়াছে।”

“অতএব তোমরা গিয়া সমুদয় জাতিকে শিষ্যকর; পিতার ও পুত্রের ও পবিত্র আত্মার নামে তাহাদিগকে বাপ্তাইজ কর”

“আমি তোমাদিগকে যাহা যাহা আজ্ঞা করিয়াছি, সমস্ত পালন করিতে তাহাদিগকে শিক্ষা দেও। আর দেখ, আমিই যুগান্তর পর্য্যন্ত প্রতিদিন তোমাদের সঙ্গে সঙ্গে আছি।”

আমরা কেন যীশুর বাধ্য হতে ভালবাসি সেই বিষয়ে বড় শিশুদের কবিতা, গান অথবা ছোট গল্প লিখতে দিন।

প্রার্থনা : “প্রভু, আমরা তোমার কথা শুনতে ভালবাসি এবং তুমি যা বল আমরা তা অনুশীলন করতে চাই। আমরা তোমার বাধ্য হতে চাই, কারণ তুমি রাজার রাজা এবং আমরা তোমাকে ভালবাসি।”